

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩ ১৬  
উদয়পুর, ২৮ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪  
মুখ্য নির্বাচন আধিকারিকের  
সভাপতিত্বে গোমতী জেলায় সভা

গোমতী জিলা পরিষদের কনফারেন্স হলে আজ লোকসভা নির্বাচনের প্রস্তুতি নিয়ে এক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। মুখ্য নির্বাচন আধিকারিক পুনীত আগরওয়াল পর্যালোচনা সভায় সভাপতিত্ব করেন। সভায় সেক্টর অফিসার ও নোডাল অফিসারদের করণীয় বিষয়গুলি নিয়ে তিনি বিস্তারিত আলোচনা করেন। তাছাড়া নির্বাচনী কাজে নিযুক্ত প্রিসাইডিং অফিসার সহ মাইক্রো অবজারভারদের নিয়োগ সংক্রান্ত বিষয়, পোলিং স্টেশনের পরিকাঠামো, পানীয়জল ও বিদ্যুৎ পরিষেবার বিষয়ে খোঁজখবর নেন। সভায় তিনি নিরপেক্ষ ও অবাধ শান্তিপূর্ণ নির্বাচনের উপর গুরুত্ব আরোপ করেন। কোনও ধরনের অভিযোগ আসার সঙ্গে সঙ্গেই ব্যবস্থা গ্রহণ করার পরামর্শ দেন। সভায় জেলাশাসক তড়িৎকান্তি চাকমা, পুলিশ সুপার নমিত পাঠক, এআরও, নির্বাচনের কাজে নিযুক্ত নোডাল অফিসারগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*